

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালকের কার্যালয়

কল্যাণ পরিদপ্তর

বাগাউবো, ওয়াপদা ভবন (১০ম তলা)

মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন- ৯৫৫২৪৬৩, ৯৫১১৯৫৪।

ই-মেইল- wfarede@gmail.com

ওয়েব মেইল- dir.welfare@bwdb.gov.bd



OFFICE OF THE DIRECTOR

Directorate of Welfare

BWDB, Wapda Building (9th Floor)

Motijheel c/a, Dhaka-1000.

Tele- 9552463, 9511954

E-mail- wfarede@gmail.com

wab mail- dir.welfare@bwdb.gov.bd

স্মারক নং-২৮২(২৪০)-পাউবো(কল্যাণ)/বিবিধ-১০১/১৪

তারিখ : ১৪/১১/১৪২৩ বঙ্গাব্দ।
২৮/০৩/২০১৭ খ্রিস্টাব্দ।

বরাবর

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

(সকল দপ্তর প্রধান)

বিষয় : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে চাকুরীরত অবস্থায় কোন কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ ও গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতাজনিত আর্থিক অনুদান প্রসঙ্গে।

জন প্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ০৫.০০০০.১২৩.৯৯.০২৬.১০-১৪৮ তারিখঃ ০৫ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ/ ১৯ জুন ২০১৩ খ্রিস্টাব্দ এবং পানি সম্পদ মন্ত্রণালয়ের স্মারক নং ৪২.০৩২.০২২.০১.০০.০০১.২০১২-৬৫০ তারিখ ২৫ আষাঢ়, ১৪২০ বঙ্গাব্দ/০৯ জুলাই ২০১৩ খ্রিস্টাব্দ মোতাবেক ১৯/০৬/২০১৩ ইং তারিখ থেকে চাকুরীরত অবস্থায় কোন কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করলে তাঁর পরিবারের সদস্যদেরকে ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা এবং গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষম হলে আহত কর্মকর্তা/কর্মচারীকে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা এবং চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করলে দাফন-কাফন বাবদ তাঁর পরিবারকে ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত হয়। পরবর্তীতে জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং ০৫.০০.০০০.১২৩.০৫.০০১.১৬-৭০০ তারিখঃ ১৩ আষাঢ়, ১৪২৩ বঙ্গাব্দ/ ২৭ জুন ২০১৬ খ্রিস্টাব্দ মোতাবেক ০১/০৭/২০১৬ ইং তারিখ হতে বেসামরিক প্রশাসনে চাকুরীরত অবস্থায় কোন কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ করলে তাঁর পরিবারের সদস্যদেরকে ৮,০০,০০০/- (আট লক্ষ) টাকা এবং গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষম হলে আহত কর্মকর্তা/কর্মচারীকে ৪,০০,০০০/- (চার লক্ষ) টাকা এবং চাকুরীরত অবস্থায় মৃত্যুবরণ করলে দাফন-কাফন বাবদ তাঁর পরিবারকে ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। সরকারের উক্ত সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে সংযুক্ত ছকে দরখাস্ত আহবান করা হচ্ছে। আবেদন করার প্রাক্কালে প্রয়োজনীয় শর্তাদী পূরণ পূর্বক নিম্নবর্ণিত তথ্যাদী/কাগজাদী সংযুক্ত করতে হবে।

- কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুবরণ, দুর্ঘটনা জনিত অক্ষমতার বিষয়ে সংশ্লিষ্ট দপ্তর প্রধানকে তাৎক্ষণিকভাবে অবহিত করতে হবে।
- নির্ধারিত ফরমে 'সংযুক্তি-ক' (Prescribed Form) যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্রের সাথে নিম্নবর্ণিত কাগজাদি/দলিলাদি সংযুক্ত করতে হবে।
ক. আবেদনকারীর জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, পাসপোর্ট সাইজ সত্যায়িত ছবি (৩ কপি), ওয়ারিশগণের প্রতিজ্ঞার ১ কপি সত্যায়িত ছবি (সংশ্লিষ্ট দপ্তর প্রধান কর্তৃক সত্যায়িত)। (ওয়ারিশ/ওয়ারিশগণের মধ্যে এক জন আবেদনকারী হবে)
খ. আবেদনকারীকে আবেদনের সাথে মৃত্যুর সনদ/অক্ষমতার ডাক্তারী সনদপত্র (সত্যায়িত)।

[অঃপূঃ]

বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড

পরিচালকের কার্যালয়

কল্যাণ পরিদপ্তর

বাপাউবো, ওয়াপদা ভবন (১০ম তলা)

মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।

ফোন- ৯৫৫২৪৬৩, ৯৫১১৯৫৪।

ই-মেইল- welfaredte@gmail.com

ওয়েব মেইল- dir.welfare@bwdb.gov.bd



OFFICE OF THE DIRECTOR

Directorate of Welfare

BWDB, Wapda Building (9th Floor)

Motijheel c/a, Dhaka-1000.

Tele- 9552463, 9511954


E-mail- welfaredte@gmail.com

wab mail- dir.welfare@bwdb.gov.bd

[পৃষ্ঠা-২]

- গ. মৃত্যুর ক্ষতিপূরণ সংক্রান্ত আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে আবেদনের সাথে মৃত কর্মকর্তা/কর্মচারীর ওয়ারিশান সনদপত্র।
- ঘ. মৃত কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে স্বামী/স্ত্রী পুনঃ বিবাহ করেননি এ মর্মে একটি অঙ্গীকারনামা এবং এতদ্বিষয়ে স্থানীয় জনপ্রতিনিধির প্রত্যয়নপত্র।
- ঙ. স্থানীয় জনপ্রতিনিধি কর্তৃক প্রত্যয়নকৃত ক্ষমতাপত্র পত্র সংযুক্ত করতে হবে।
- চ. স্থানীয় কোন তফশিলী(সিডিউল) ব্যাংকের শাখায় আবেদনকারীর হিসাব নম্বরের প্রত্যয়ন পত্র।
৩. আবেদনপত্রটি সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষ কর্তৃক কর্মকর্তা/কর্মচারীর মৃত্যু/অক্ষমতার বিষয়ে প্রত্যয়নপত্রসহ মহাপরিচালক, বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড বরাবরে প্রেরণ করতে হবে।

সংযুক্তিঃ (সংযুক্তি-ক) নির্ধারিত ফরম।


(এ,বি,এম এমদাদুল হক)
পরিচালক

কল্যাণ পরিদপ্তর


বাপাউবো, ঢাকা।

স্মারক নং-২৮২(২৪০)/১(৬)-পাউবো(কল্যাণ)/বিবিধ-১০১/১৪

তারিখ : ১৪/১১/১৪২৩ বঙ্গাব্দ।
২৮/০৩/২০১৭ খ্রিস্টাব্দ।

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ-

- ১। সি, এস, ও টু মহাপরিচালক, বাপাউবো, ঢাকা।
- ২-৬। ব্যক্তিগত সহকারী অতিঃ মহাপরিচালক (প্রশাসন/অর্থ/পরিকল্পনা/পূর্ব রিজিয়ন/পশ্চিম রিজিয়ন), বাপাউবো, ঢাকা।


(মোঃ মোস্তাইন বিল্লাহ)
উপ-পরিচালক
কল্যাণ পরিদপ্তর
বাপাউবো, ঢাকা।

বরাবর
মহাপরিচালক
বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড
ঢাকা।

বিষয় : বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ডে চাকুরীরত অবস্থায় কোন কর্মকর্তা/কর্মচারী মৃত্যুবরণ ও গুরুতর আহত হয়ে স্থায়ী অক্ষমতা-
জনিত আর্থিক অনুদান প্রসঙ্গে।

মহোদয়,

বিনীত নিবেদন এই যে, আমি/আমার স্বামী/স্ত্রী/আমার পিতা/মাতা বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড এ.....
হিসেবে কর্মরত আছি/ছিলেন। আমি/তিনি..... তারিখে মৃত্যুবরণ করেছেন/অঙ্গহানি হয়ে স্থায়ীভাবে অক্ষম
হয়েছি (অপ্রয়োজনীয় অংশ কেটে দিতে হবে)। নিম্নে প্রয়োজনীয় তথ্যাদি আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য
পেশ করা হলো :

- (১) কর্মকর্তা/কর্মচারীর নাম (বাংলায়) :.....।
(ইংরেজিতে বড় অক্ষরে) :.....।
- (২) কর্মকর্তা/কর্মচারীর দাপ্তরিক পরিচয়পত্র নং :.....।
- (৩) কর্মকর্তা/কর্মচারীর জাতীয় পরিচয়পত্র নং :.....।
- (৪) পিতার/মাতা/স্বামীর/স্ত্রীর নাম (বাংলায়) :.....।
(ইংরেজিতে বড় অক্ষরে) :.....।
- (৫) পদবী (বাংলায়) :.....।
(ইংরেজিতে বড় অক্ষরে) :.....।
- (৬) অফিসের নাম ও ঠিকানা :.....।
- (৭) আবেদনকারীর নাম ও ঠিকানা :.....।
(মৃত কর্মকর্তা/কর্মচারীর ক্ষেত্রে উপরাধিকারী) :.....।
- (৮) আবেদনকারীর জাতীয় পরিচয়পত্র নং :.....।
(সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে)
- (৯) আবেদনকারীর সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর সম্পর্ক :.....।
- (১০) ফোন/মোবাইল/ই-মেইল নং :.....।
- (১১) ব্যাংক হিসাব নম্বর, ব্যাংকের নাম ও
ব্যাংকের শাখার নাম :.....।
(যে হিসাবে অনুদানের অর্থ পেতে ইচ্ছুক)
- (১২) কর্মকর্তা/কর্মচারীর জন্ম তারিখ :.....।
- (১৩) চাকুরিতে যোগদানের তারিখ :.....।
- (১৪) কর্মকর্তা/কর্মচারী রাজস্ব খাতভুক্ত কিনা :.....।

- (১৫) কর্মকর্তা/কর্মচারীর উত্তরাধিকারীর নাম ও ঠিকানা :.....
(উপযুক্ত কর্তৃপক্ষের সনদ সংযুক্ত করতে হবে)
- (১৬) মৃত ব্যক্তির পক্ষে আবেদন করার জন্য অন্যান্য
উত্তরাধিকারীগণ কর্তৃক প্রদত্ত ক্ষমতাপত্র :..... ।
- (১৭) সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর মৃত্যুর তারিখ :..... ।
(মৃত্যুর সত্যায়িত সনদ সংযুক্ত করতে হবে)
- (১৮) ক্ষতিগ্রস্ত অঙ্গের বিবরণ :..... ।
(অক্ষমতার সমর্থনে চিকিৎসকের কাগজপত্র সংযুক্ত করতে হবে)
- (১৯) প্রার্থিত টাকার পরিমাণ :..... ।

অতএব, আমার আবেদন সদয় বিবেচনাপূর্বক কল্যাণ অনুদান মঞ্জুরির জন্য বিনীত অনুরোধ করছি ।

তারিখ..... ।

আবেদনকারীর স্বাক্ষর :
সীল (প্রযোজ্য ক্ষেত্রে)
বর্তমান ঠিকানা :

আমি প্রতিজ্ঞাপূর্বক উল্লেখ করছি যে, এ আবেদনপত্রে উল্লিখিত তথ্যাদি আমার জ্ঞান ও বিশ্বাসমতে সত্য এবং আমি কোন তথ্য গোপন করিনি ।

তারিখ..... ।

আবেদনকারীর স্বাক্ষর :
সীল (প্রযোজ্য ক্ষেত্রে)
বর্তমান ঠিকানা :